



HM Government

Grenfell  
community  
updates

## Grenfell Tower community update:

### February 2026 - Bengali / বাংলা

#### গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: ফেব্রুয়ারি 2026

আমরা স্বীকার করি যে, গ্রেনফেল টাওয়ার সবচেয়ে ক্ষতিগ্রস্তদের জন্য গভীর ও ভীষণ ব্যক্তিগত তাৎপর্য বহন করে এবং এই স্থানটি ক্ষতিগ্রস্ত হওয়া পরিবারগুলোর কাছে একটি পবিত্র স্থান।

টাওয়ারটি সতর্কতার সঙ্গে অপসারণের কাজ সম্পর্কে আমরা আপনাকে নিয়মিত আপডেট দিতে চাই। এই আপডেটে আপনি নিম্নলিখিত বিষয়ে আরও জানতে পারবেন:

- ক্রেন নামানো
- গ্রেনফেল হার্ট ব্যানার
- টাওয়ারের আলোকসজ্জা
- ধুলো, কম্পন এবং শব্দ পর্যবেক্ষণ সম্পর্কিত তথ্য
- স্বাস্থ্য ও কল্যাণ সহায়তা
- আমাদের সাথে কীভাবে যোগাযোগ করবেন এবং আরও বিশদে জানবেন

আপনি পূর্ববর্তী আপডেটগুলো এখানে দেখতে পারেন:

[www.gov.uk/grenfell-community-updates](http://www.gov.uk/grenfell-community-updates)

#### ক্রেন নামানো

গত গ্রীষ্মে গ্রেনফেল টাওয়ার সাইটে স্থাপিত ক্রেনটি ফেব্রুয়ারি মাসে স্কুলের হাফ টার্মে নামানো হয়েছে।

#### গ্রেনফেল হার্ট ব্যানার

গ্রেনফেল টাওয়ার সতর্কতার সাথে অপসারণের কাজ এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে আমরা টাওয়ার থেকে ব্যানারগুলো নামিয়ে ফেলেছি।

#### টাওয়ারের আলোকসজ্জা

আমরা অবগত হয়েছি যে, টাওয়ারটি সতর্কতার সাথে অপসারণের সময় একটি দৃশ্যমান স্মারক থাকা গুরুত্বপূর্ণ। আমরা আলোকসজ্জা এমনভাবে করেছি যাতে, প্রতিদিন সন্ধ্যা 5টা থেকে রাত 11টা পর্যন্ত টাওয়ারের প্রতিটি বিমে আলোকরশ্মি উর্ধ্বমুখী হয়ে জ্বলতে থাকে। গ্রেনফেল হার্ট ব্যানারগুলোর উপর আলোকসজ্জা প্রতিদিন সন্ধ্যা থেকে রাত 11টা পর্যন্ত জ্বলবে।

## ধুলো, কম্পন এবং শব্দ পর্যবেক্ষণ সম্পর্কিত তথ্য

সরকার প্রতিশ্রুতিবদ্ধ যে গ্রেনফেল টাওয়ার সাইটে সমস্ত কাজ সর্বোচ্চ মানদণ্ডে সম্পন্ন হবে। কমিউনিটি এবং সাইটে কর্মরত ব্যক্তিদের নিরাপত্তা ও কল্যাণ আমাদের অগ্রাধিকার। সাইটে ধুলো, কম্পন এবং শব্দের লাইভ ডেটা সংগ্রহের জন্য মনিটর স্থাপন করা হয়েছে। এই তথ্য প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ প্রতিবেদন দেখতে নিচের লিংকগুলোতে ক্লিক করুন:

[ধুলো পর্যবেক্ষণ রিপোর্ট: 5 জানুয়ারি থেকে 1 ফেব্রুয়ারি 2026](#)

[কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট: 5 জানুয়ারি থেকে 1 ফেব্রুয়ারি 2026](#)

[শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট: 5 জানুয়ারি থেকে 1 ফেব্রুয়ারি 2026](#)

যুক্তরাজ্য স্বাস্থ্য সুরক্ষা সংস্থা (UKHSA) কাজ চলাকালীন গ্রেনফেল টাওয়ারের আশপাশের এলাকার বায়ুর মান মূল্যায়ন ও পর্যবেক্ষণ অব্যাহত রাখবে। তারা প্রতি মাসে তাদের প্রতিবেদন প্রকাশ করে। আপনি সর্বশেষ প্রতিবেদন এখানে দেখতে পারেন:

[গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK](#)

## স্বাস্থ্য ও কল্যাণ সহায়তা

গ্রেনফেল টাওয়ার সতর্কতার সাথে অপসারণকালীন শোকাহত পরিবার, বর্তমানে বেঁচে থাকা ব্যক্তির এবং আশপাশের কমিউনিটির বাসিন্দাদের জন্য মানসিক ও শারীরিক কল্যাণ সহায়তা অব্যাহত থাকছে।

আপনি যদি কারও সাথে কথা বলতে চান, তাহলে:

- গ্রেনফেল স্বাস্থ্য ও কল্যাণ বিষয়ক পরিষেবা (Grenfell Wellbeing Service)-তে 020 8637 6279 নম্বরে কল করুন (প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত)।
- জরুরি অবস্থায় সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ অ্যাক্সেস পরামর্শ লাইনে কল করুন: 0800 0234 650 (সপ্তাহে সাত দিন, 24 ঘণ্টা খোলা)।
- ইমেইল: [grenfell.wellbeing@nhs.net](mailto:grenfell.wellbeing@nhs.net)
- আর জানতে এখানে যান: [www.grenfellwellbeing.cnwl.nhs.uk](http://www.grenfellwellbeing.cnwl.nhs.uk)

উপলভ্য পরিষেবা সম্পর্কে সাম্প্রতিকতম তথ্য পেতে এখানে যান [www.grenfell.nhs.uk](http://www.grenfell.nhs.uk)

## আমাদের সাথে কীভাবে যোগাযোগ করবেন বা আরও জানবেন

আমরা এমনভাবে তথ্য শেয়ার করতে চাই যা আপনার জন্য সহায়ক হয়। আমরা এখানে দৈনিক আপডেট ও তথ্য শেয়ার করতে থাকবো: [www.gov.uk/grenfell-community-updates](http://www.gov.uk/grenfell-community-updates)

অনুগ্রহ করে আমাদের এখানে ইমেইল করুন: [GrenfellTowerSite@communities.gov.uk](mailto:GrenfellTowerSite@communities.gov.uk)  
প্রতি:

- আপনার সুবিধাজনক সময়, তারিখ এবং স্থানে আমাদের সাথে এককভাবে বা একত্রে কথা বলার ব্যবস্থা করুন।
- টাওয়ারটি সতর্কতার সাথে অপসারণের কাজ সম্পর্কে আমাদের যেকোনো প্রশ্ন জিজ্ঞাসা করুন অথবা যেকোনো সমস্যা আমাদের সাথে শেয়ার করুন।
- কর্মকর্তাদের এবং আমাদের প্রধান ঠিকাদার ডিমোলিশন কন্ট্রাক্টস ইউ.কে (DCUK)-এর সাথে আমাদের নিয়মিত বৈঠক সম্পর্কে জানুন, যেখানে আপনি কাজটি নিয়ে আলোচনা করতে পারবেন।
- আমাদের নিয়মিত আপডেট সরাসরি আপনাকে ইমেইল করতে আমাদের অনুরোধ করতে পারেন।
- যদি আপনি চান তবে, আমরা কীভাবে আপনার সাথে যোগাযোগ করব সে বিষয়ে আপনার মতামত শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামতকে স্বাগত জানাই।

গ্রেনফেল টাওয়ার সম্পর্কে সাম্প্রতিকতম আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য নিবন্ধন করতে অনুগ্রহ করে এখানে যান: [www.gov.uk/grenfell-community-updates](http://www.gov.uk/grenfell-community-updates)  
অথবা QR কোড স্ক্যান করুন।

